অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মাইক্রন সেন্ট্রাল নিউ ইয়র্কে চাইল্ড কেয়ার প্রতিশ্রুতির উল্লেখযোগ্য অগ্রগতি ঘোষণা করলেন

স্টেটের ঐতিহাসিক সবুজ CHIPS প্যাকেজের অংশ হিসেবে, মাইক্রনের কর্মচারীদের জন্য অনসাইট চাইল্ড কেয়ার প্রদান করার মাধ্যমে মাইক্রন কর্মীবাহিনীর প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলবে

মাইক্রন PEACE এর মাধ্যমে বাড়িতে চাইল্ড কেয়ারের জন্য অতিরিক্ত অনুদান প্রদান করবে

ঘোষণাটি উদ্বোধনী সেন্ট্রাল নিউ ইয়র্ক সম্প্রদায় জড়িতকরণ কমিটির বৈঠকের অনুবর্তী; গ্রুপটি 500 মিলিয়ন মার্কিন ডলারের সবুজ CHIPs সম্প্রদায় বিনিয়োগ তহবিল নির্দেশিত করার জন্য অগ্রাধিকার সনাক্ত করবে

গভর্নর ক্যাথি হোকল এবং মাইক্রন টেকনোলজি, ইনকর্পোরেটেড (Micron Technology, Inc.) আজকে কোম্পানির চাইল্ড কেয়ার প্রতিশ্রুতি সম্পর্কে নতুন বিস্তারিত তথ্য ঘোষণা করলেন, এটি ওনোন্ডাগা কাউন্টির ক্লেতে একটি অত্যাধুনিক সেমিকন্ডাক্টর প্রস্তুতকারক ক্যাম্পাস গঠনে এর ঐতিহাসিক 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ। রূপান্তরকারী সরকারি-বেসরকারি অংশীদারিত্বটি সেন্ট্রাল নিউ ইয়র্কে 50,000 চাকরি নিয়ে আসবে। মাইক্রন এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার চুক্তির অংশ হিসেবে, মাইক্রন ক্লের কডেনয় রোডে জমির একটি পার্সেল ক্রয় করেছে যা মাইক্রন কর্মচারীদের অনসাইট ডেকেয়ার প্রদান করার জন্য নির্মাণ করা হবে।

"আমার ক্যারিয়ারের শুরুতে আমাকে আমার চাকরি ত্যাগ করার কঠিন সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছিলো কারণ আমাদের পরিবারের কাছে চাইল্ড কেয়ার পাওয়ার সুযোগ ছিলো না, এটি একটি কঠিন বিকল্প যা গ্রহণ করতে নিউ ইয়র্কের কোনও পিতামাতাকে বাধ্য করা উচিত না," **গভর্নর হোকল বলেন।** "সেই লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজন আমাদের সবুজ CHIPS আইনের (Green CHIPS Act) মতো দেশের অর্থনৈতিক বিধিমালার মতো উদ্ভাবনী নীতিমালার সমাধান যা সেমিকন্ডাক্টর প্রস্তুতকারকদের জন্য তারা যেখানে ব্যবসার শেকড় স্থাপন করতে যাচ্ছে সেই সম্প্রদায়ে সাশ্রয়ী, নির্ভরযোগ্য চাইল্ড কেয়ার আনার প্রতিশ্রুতি আবশ্যিকভাবে প্রদান করতে হবে। মাইক্রন চুক্তির তাদের অংশ পালন করার ব্যাপারে দারুণ কাজ করেছে, যার মধ্যে সেই

500 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল রয়েছে, এবং আমি সেন্ট্রাল নিউ ইয়র্কে আরো চাইল্ড কেয়ার ফ্যাসিলিটি দেখার জন্য উৎসুক।"

মাইক্রনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান জনসাধারণ কর্মকর্তা এবং মাইক্রন ফাউন্ডেশনের (Micron Foundation) প্রেসিডেন্ট এপ্রিল আর্নজেন বলেন, "আরো নারী এবং আমাদের শিল্পখাতে সাধারণত কম প্রতিনিধিত্ব করা ব্যক্তিদের জন্য প্রভাবশালী ক্যারিয়ারে প্রবেশ করা এবং নিজের সম্পূর্ণ সম্ভাবনা দিয়ে অবদান রাখার জন্য কর্মক্ষেত্রে প্রবেশ বা পুনরায় প্রবেশের প্রতিবন্ধকতা অপসারণ করার মাধ্যমে মাইক্রন সুযোগ তৈরি করছে। ওনোন্ডাগা কাউন্টির আর্লি চাইল্ডহুড অ্যালায়েন্সের (Early Childhood Alliance) পরিচালনা পর্ষদে যোগদান করতে পেরে আমি আনন্দিত। সেন্ট্রাল নিউ ইয়র্কের পরিবারসমূহের জন্য আরো চাইল্ডকেয়ার সুযোগ প্রদান করতে গভর্নর হোকল, কাউন্টি নির্বাহী রায়ান ম্যাকমাহন, আমাদের মতো ব্যবসায়িক নেতৃবৃন্দ এবং স্থানীয় চাইল্ড কেয়ার প্রদানকারীদের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের প্রতিশ্রুতি ঘোষণার পর থেকে, কোম্পানিটি চাইল্ড কেয়ারে উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে যা সেন্ট্রাল নিউ ইয়র্কের পরিবারসমূহকে লাভবান করবে। গত বছরের শেষের দিকে, অঞ্চলের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে উচ্চমানের চাইল্ড কেয়ার এবং শৈশবের শুরুর দিকের শিক্ষা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করতে সেন্ট্রাল নিউ ইয়র্কের YMCA এর জন্য মাইক্রন 500,000 মার্কিন ডলার প্রদানের প্রতিজ্ঞা করে। এখন পর্যন্ত শৈশবের শুরুর দিকের শিক্ষার জন্য 250,000 মার্কিন ডলার ব্যয় করা হয়েছে, যা অঞ্চলের প্রায় 2,000 শিশুকে প্রভাবিত করেছে। পাঁচ বছর পর্যন্ত শিশুদের চাইল্ড কেয়ারের জন্য অবশিষ্ট 250,000 মার্কিন ডলার ব্যবহার করা হবে।

পাশাপাশি, মাইক্রন একটি আর্লি চাইল্ডহুড ক্যারিয়ার পাথওয়েজ কর্মসূচির (Early Childhood Career Pathways Program) জন্য তহবিল ঘোষণা করেছে যা চাইল্ডকেয়ার সলিউশন্স (Childcare Solutions) এবং PEACE ইনকর্পোরেটেড (PEACE Inc.) দ্বারা পরিচালিত হচ্ছে। কর্মসূচিটির উদ্দেশ্য হলো ফ্যামিলি হোম চাইল্ড কেয়ার সেন্টার সম্প্রসারিত ও সক্রিয়করণ যা হোম চাইল্ড কেয়ার সেন্টারের সংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে সেবাদানকারীদেরও উপকৃত করবে, যাদের অধিকাংশ নারী ও সংখ্যালঘু। এটি একটি গুরুত্বপূর্ণ চাইল্ড কেয়ার সেবা চ্যানেলে স্থিতিশীলতা ও মান নিশ্চিত করতে সাহায্য করে।

1968 সালে ইনকর্পোরেটেড হওয়া PEACE ইনকর্পোরেটেড একটি ফেডারেল নির্ধারিত সম্প্রদায় পদক্ষেপ এজেন্সি (Community Action Agency, CAA) যা সিরাকিউজ, ওনোন্ডাগা কাউন্টি এবং ওসওয়েগো কাউন্টির কিছু অংশে প্রায় 10,000 গ্রাহককে সেবাদান করে। "সর্বোচ্চ সম্ভাব্য অংশগ্রহণ" নীতি, বা CAA দ্বারা সেবা প্রাপ্ত সকলকে অবশ্যই সংগঠনের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সামিল করতে হবে এমন ধারণার অনুসারী এজেন্সিটি সম্প্রদায়ের মানুষকে আত্মনির্ভর হওয়ার মাধ্যমে নিজেদের সামর্থ্য উপলব্ধি করার ব্যাপারে সাহায্য করার একটি মিশন পরিচালনা করে।

আজকের ঘোষণাটি CNY সম্প্রদায় জড়িতকরণ কমিটির (Community Engagement Committee) উদ্বোধনী বৈঠকের অনুবর্তী, এটি প্রথম 2023 সালের এপ্রিল মাসে মাইক্রন ও নিউ ইয়র্ক স্টেটের মধ্যকার সম্প্রদায়ের বিনিয়োগ ফ্রেমওয়ার্ক (Community Investment Framework) চুক্তির অংশ হিসেবে ঘোষিত হয়। বিষয়বস্তুর ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তি এবং গভর্নর হোকলের নিয়োগকৃত সম্প্রদায়ের নেতৃবৃন্দ নিয়ে গঠিত কমিটিটি চলমান ভিত্তিতে স্টেকহোল্ডারদের একটি ব্যাপক ব্যাপ্তির সাথে জড়িত হবে যাতে সম্প্রদায়ে বিনিয়োগের অগ্রাধিকার গঠন করার প্রক্রিয়ায় অঞ্চলজুড়ে সম্প্রদায়সমূহের সম্পূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিত করা যায়। কোম্পানির সম্প্রদায়ে বিনিয়োগের কৌশলকে সমর্থন করবে এমন একটি সম্প্রদায়ের অগ্রাধিকারের নথিপত্র গঠনের প্রক্রিয়ার রূপরেখা প্রদান করার জন্য কমিটিটি বাসিন্দা, সম্প্রদায়ের নেতৃবৃন্দ এবং স্টেকহোল্ডারদের সাথে দেখা করেছে।

এই বৈঠক চলাকালে ঘোষণা করা হয় যে সেন্ট্রাল নিউ ইয়র্কের আবাসন বাজার বুঝতে পারার জন্য এবং স্টেকহোল্ডারদের বিনিয়োগকে নির্দেশনা দানে সাহায্য করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এবং মাইক্রন একটি বিশদ স্টাডির কমিশন দিয়েছে। স্টাডিতে ডেটা বিশ্লেষণ, স্টেকহোল্ডারদের জড়িতকরণ, কেস স্টাডি এবং জাতীয় সেরা অনুশীলন উপলব্ধি এবং নীতিমালার গবেষণা থাকবে। ESD কনসালটেন্ট চূড়ান্ত করছে এবং 2023 সালের শেষের দিকে এই কাজ শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

পাশাপাশি, সেন্টারস্টেটের (CenterState) প্রধান নির্বাহী কর্মকর্তা সম্প্রতি কমিটির সম্প্রদায় অগ্রাধিকার নথিপত্র তৈরি করার জন্য কনসাল্টিং ফার্ম ফোর্থ ইকোনওমিকে (Fourth Economy) বাছাই করেছেন। ফোর্থ ইকোনওমি চারটি মুখ্য কেন্দ্রীয় এলাকায় ডেটা বিশ্লেষণ করবে, সম্প্রদায়ের গোষ্ঠীগুলির সাথে কমিটির জড়িত হওয়াকে সমর্থন করবে, স্টেকহোল্ডার গোষ্ঠী ও জনগণের সাথে ফোকাস গ্রুপ ও ইন্টারভিউয়ে নেতৃত্ব দিবে, এবং অতিরিক্ত গণবৈঠক আয়োজন করবে।

নিউ ইয়র্ককে একটি সেমিকন্ডাক্টর হাব বানানো এবং একই সাথে চাকরি তৈরি, অর্থনৈতিক প্রবৃদ্ধির সূচনা করে দেওয়া, এবং গুরুত্বপূর্ণ পরিবেশ সংক্রান্ত সংরক্ষণ বহাল রাখার জন্য 2022 সালের আগস্ট মাসে গভর্নর হোকল নিউ ইয়র্কের রূপান্তরকারী সবুজ CHIPS বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করেন। কর্মসংস্থান ও টেকসই আবশ্যিকতা স্থাপনের পাশাপাশি, সবুজ CHIPS নিশ্চিত করে যাতে ব্যবসাসমূহ প্রশিক্ষণ, শিক্ষা এবং চাইল্ড কেয়ার সুযোগের মাধ্যমে কর্মীবাহিনী ও সম্প্রদায়ের বিকাশে উল্লেখযোগ্য বিনিয়োগ করে।

গভর্নর নিউ ইয়র্ক স্টেটজুড়ে সাশ্রয়ী, নির্ভরযোগ্য চাইল্ড কেয়ার পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে প্রতিশ্রুতিবদ্ধ আছেন। অর্থবছর 2023 স্টেট বাজেটের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেট চার বছর ধরে 7 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছেন, এটি প্রতিফলন করে যে শিশু, পরিবার, এবং স্টেটের অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য মানসম্পন্ন চাইল্ড কেয়ার অতি গুরুত্বপূর্ণ। অর্থবছর 2024 এর বাজেট কর্মীবাহিনী ধরে রাখার অনুদান কর্মসূচি (Workforce Retention Grant Program) তৈরি করে, যা যোগ্য চাইল্ড কেয়ার কর্মসূচির জন্য স্বল্প ব্যবহৃত 500 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল উপলভ্য করে; আগামী দুই বছর ধরে ব্যবসাসমূহের জন্য উপলভ্য করা নতুন একটি 25 মিলিয়ন মার্কিন ডলার চাকরিদাতা চাইল্ড কেয়ার কর ক্রেডিট

(Employer Child Care Tax Credit) কর্মীদের জন্য নতুন চাইল্ড কেয়ার আসন তৈরি করবে (এবং বিদ্যমান বিকল্পকে সম্প্রসারিত করবে); এবং একটি নতুন 4.8 মিলিয়ন মার্কিন ডলারের চাকরিদাতা স্পন্সর করা চাইল্ড কেয়ার পাইলট কর্মসূচির (Employer-Sponsored Child Care Pilot Program) জন্য অতিরিক্ত ঐতিহাসিক তহবিল যোগ করে। পাশাপাশি, আগ্রহী ব্যবসাসমূহকে চাকরিজীবীদের চাইল্ড কেয়ার চাহিদার সমর্থনে বিকল্প সনাক্ত করতে সাহায্য করার জন্য, এবং স্টেটব্যাপী একটি চাইল্ডকেয়ার গাইডবই তৈরির জন্য 10টি আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ (Regional Economic Development Counci, REDC) অঞ্চলের প্রতিটিতে স্টেটব্যাপী ব্যবসা নেভিগেটর কর্মসূচি তৈরির জন্য বাজেটে 1 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ দেওয়া হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "সাশ্রয়ী, নিরাপদ ও নির্ভরযোগ্য চাইল্ডকেয়ারের অভাব প্রায়শই পিতামাতার ক্যারিয়ার স্থগিত রাখার কারণ হয়ে দাঁড়ায়, যা তাদের পরিবারে একটি আর্থিক চাপের সৃষ্টি করে। গভর্নর হোকলের সবুজ CHIPs কর্মসূচিটি কর্মীবাহিনীর প্রতিবন্ধকতা অপসারণ করে এবং নিউ ইয়র্ক স্টেটে পরিবারসমূহকে সমৃদ্ধি করার সুযোগ প্রদান করে।"

সেন্ট্রাল নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Central New York Regional Economic Development Council, REDC) সহপ্রধানগণ, সেন্ট্রাল নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা র্যা ন্ডি ওলকেন এবং লা ময়েন কলেজের (Le Moyne College) প্রেসিডেন্ট লিন্ডা এম. লামুরা বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের প্রত্যাশিত অর্থনৈতিক প্রভাব বলে শেষ করা যাবে না। তাদের কেন্দ্রীভূত চাইল্ড কেয়ার প্রয়াসের জন্য আমরা তাদের প্রশংসা করছি, কারণ কর্মচারীদের ব্যবহারের জন্য অনসাইট কেয়ার প্রদান করা শুধু এর অব্যাহত সাফল্য নয়, বরং সম্পূর্ণ অঞ্চলের জন্য অতি গুরুত্বপূর্ণ হবে। এই বিনিয়োগকে বাস্তব করার জন্য আমরা কোম্পানি এবং গভর্নর হোকলের প্রতি সদা কৃতজ্ঞ।"

সিনেটর চাক শুমার বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসের সর্ববৃহৎ বিনিয়োগ হতে যাচ্ছে, তাই মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটি যেই হাজার হাজার নতুন নির্মাণ, প্রস্তুতকরণ, এবং উদ্ভাবনী কর্মসংস্থান তৈরি করতে যাচ্ছে সেই পদ পূরণ করার জন্য একটি কর্মীবাহিনী গঠন করতে সকলকে কাজ করতে হচ্ছে। এবং এর অর্থ হচ্ছে আমাদের সেন্ট্রাল নিউ ইয়র্কের পরিবারসমূহের জন্য উচ্চমানের চাইল্ড কেয়ার বিকল্প প্রদান করা। মাইক্রনের এইসব অভীষ্ট চাইল্ডকেয়ার প্রতিশ্রুতি, যার মধ্যে অঞ্চলের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য উচ্চমানের চাইল্ড কেয়ার এবং শৈশবে দ্রুত শিক্ষা পাওয়ার সুযোগ সম্প্রসারণ করা রয়েছে, তা এই মেগাফ্যাব প্রকল্পের জন্য উল্লেখযোগ্য অগ্রগতির চিহ্ন। নিউ ইয়র্ক স্টেটজুড়ে আরো পরিবারের জন্য সাশ্রয়ী ও সহজলভ্য চাইল্ড কেয়ারকে বাস্তবে পরিণত করার ব্যাপারে মাইক্রন ও গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

স্টেটের সিনেটর র্যা চেল মে বলেন, "বহু কর্মজীবী পরিবার, বিশেষ করে নারীদের জন্য পূর্ণকালীন চাকরি গ্রহণের প্রধান প্রতিবন্ধকতা হলো সাশ্রয়ী চাইল্ডকেয়ারের অভাব। সেন্ট্রাল নিউ ইয়র্কের একটি মুখ্য চাকরিদাতা হয়ে উঠার ব্যাপারে তাদের প্রতিশ্রুতির একটি অংশ হিসেবে

মাইক্রন যে অল্পবয়সী শিশুদের পিতামাতার জন্য মানসম্পন্ন ও সাশ্রয়ী চাইল্ডকেয়ারের সুযোগ প্রদান করতে একাধিক খাতে বিনিয়োগ করাকে অগ্রাধিকার করেছে তা দেখে আমি খুশি। সকল সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে কাজ করার একটি সুযোগ থাকে তা নিশ্চিত করতে পরিশ্রম করার জন্য গভর্নর হোকল এবং মাইক্রনকে ধন্যবাদ,এটি পিতামাতাকে তাদের সন্তানদের জন্য ভালো জীবন প্রদানের সুযোগ দিবে।"

স্টেটের সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "আমাদের চাইল্ডকেয়ার ব্যবস্থা বলীয়ান করা এবং চাইল্ডকেয়ার মরুভূমি অপসারণ করা হলো সিনেট সংখ্যাগরিষ্ঠতার একটি অগ্রাধিকার, কারণ মানসম্পন্ন, সাশ্রয়ী, এবং সহজলভ্য চাইল্ডকেয়ার পরিবার, অর্থনৈতিক কর্মকাণ্ড, শিক্ষার জন্য উত্তম এবং এটি আমাদের অঞ্চলের জীবনযাত্রার মানে অবদান রাখে। এই সমস্যা সরাসরি সমাধান করার জন্য নিউ ইয়র্ক স্টেট গত বেশ কয়েক বছরে যেই ঐতিহাসিক বিনিয়োগ করেছে আমি তার দৃঢ় সমর্থক। আমরা যখন সেমিকন্ডাক্টর শিল্পখাতের আগমনের জন্য প্রস্তুতি নিচ্ছি, তখন সেন্ট্রাল নিউ ইয়র্কের চাইল্ডকেয়ারে পর্যাপ্ত পরিকল্পনা ও অব্যাহত বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ। সম্প্রদায়ে এই বিনিয়োগের জন্য আমি মাইক্রনকে ধন্যবাদ জানাচ্ছি এবং পরিবার ও শিশুদের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি, সবুজ CHIPS বিধিমালায় তার অংশীদারিত্ব, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে আধুনিক প্রস্তুতকরণ নিয়ে আসার ব্যাপারে তার ভিত্তিগত সমর্থনের জন্য আমি তার জোর প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য আল স্ট্রাইপ বলেন, "নির্ভরযোগ্য ও সাশ্রয়ী চাইল্ড কেয়ারের অভাব যেকোনও কর্মজীবী পিতামাতার জন্য কর্মক্ষেত্রে প্রবেশ করার একটি প্রতিবন্ধকতা হতে পারে। মাইক্রন সেন্ট্রাল নিউ ইয়র্কেই একই সেমিকন্ডাক্টর চিপস প্রস্তুতকারক ফ্যাসিলিটি গঠন করছে, এবং তাদের কর্মচারীদের জন্য সাশ্রয়ী, উচ্চমানের চাইল্ডকেয়ার পাওয়ার সুযোগসহ আমাদের সম্প্রদায়সমূহের অগ্রাধিকার ও প্রয়োজনের প্রতি তাদের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি। মাইক্রনের মতো কর্মীবাহিনী সৃষ্টিকারীদের সাথে ফেডারেল ও স্টেট বিনিয়োগ ব্যবহার করে আমরা কীভাবে আমাদের স্টেটের অর্থনীতি জোরদার করার পাশাপাশি আমাদের কর্মীবাহিনীর জীবনযাত্রার মান উন্নত করতে পারি এটি তার মুখ্য উদাহরণ।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "চাইল্ডকেয়ারে বিনিয়োগ করা হলো স্থানীয় কর্মীবাহিনী সম্প্রসারিত করার জন্য একটি প্রয়োজনীয় প্রতিশ্রুতি। কর্মচারীদের কাছে নির্ভরযোগ্য উচ্চমানের চাইল্ডকেয়ার পাওয়ার সুযোগ থাকা নিশ্চিত করা হলে তা তাদের কর্মদিবসে মনোনিবেশ করার সুযোগ প্রদান করবে।"

ওনোন্ডাগা কাউন্টি নির্বাহী রায়ান ম্যাকমাহন বলেন, "আমি দায়িত্ব গ্রহণের পর থেকে আমার প্রশাসন সাশ্রয়ী ও নির্ভরযোগ্য চাইল্ডকেয়ার পাওয়ার প্রতিবন্ধকতার সমাধানে অধ্যবসায়ের সাথে কাজ করেছে। আমরা এই খাতে নজিরবিহীন বিনিয়োগ করেছি এবং আমাদের প্রতিশ্রুতিতে অবিচল আছি। আমাদের সম্প্রদায়ে চাইল্ডকেয়ার অবকাঠামো বিকাশ করতে তাদের বিনিয়োগের জন্য আমরা মাইক্রন ও নিউ ইয়র্ক স্টেটকে ধন্যবাদ জানাতে চাই। এই প্রয়াসে একটি ঐক্যবদ্ধ এবং সার্বিক পন্থা গ্রহণ নিশ্চিত করবে যাতে আমাদের সম্প্রদায়ের সকল সদস্যের কাছে আমাদের সম্প্রদায়ের ফেরত আসার গল্পের এটি আকর্ষণীয় নতুন অধ্যায়ের সদ্ব্যবহার করার সুযোগ থাকে।"

সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "সিরাকিউজ এবং ওনোন্ডাগা কাউন্টিতে বিনিয়োগ করার সময় মাইক্রন একটি চিন্তাশীল এবং সহযোগিতামূলক উপায়ে অগ্রসর হচ্ছে। আমাদের সম্প্রদায়ে বিশ্বের সর্ববৃহৎ সেমিকন্ডাক্টর ফ্যাব্রিকেশন প্ল্যান্টগুলির একটি নির্মাণ করার ব্যাপারে এরই প্রতিশ্রুতি দ্বারা সৃষ্ট সকল প্রয়োজন ও সুযোগের জন্য প্রস্তুতি গ্রহণ করতে কোম্পানিটি নিউ ইয়র্ক স্টেট, স্থানীয় সরকার এবং অলাভজনক সংগঠনসমূহের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে। শিশু, পরিবার ও ব্যবসাকে প্রভাবিত করা এই অতি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে আমাদের যে ঘাটতি রয়েছে, অনসাইট চাইল্ড কেয়ার তৈরির মাধ্যমে আমাদের অঞ্চলকে তা সমাধানে সাহায্য করা হবে। ঐতিহাসিক এই সুযোগ থেকে আমরা যাতে সর্বোচ্চ লাভবান হই তা নিশ্চিত করা অব্যাহত রাখতে গভর্নর হোকল এবং মাইক্রনের নেতৃত্বের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418